

রাজশাহী ভাসিটির ২৮ হাজার শিক্ষার্থী সেশন জটের মুখে

■ অনিসূক্ষ্মমান, রাজশাহী অফিস
হরতাপ ও অবরোধে রাজশাহী
বিষবিদ্যালয়ের প্রায় ২৮ হাজার
শিক্ষার্থী সেশনজটের মুখে পড়েছে।
অন্যদিকে চলতি ২০১৩-১৪ শিক্ষা বর্ষে
বিষবিদ্যালয়ের প্রথম বর্ষ ভর্তি
(অনার্স) পরীক্ষা তিন মফা পিছানো
হয়েছে।

পত ২৬ নভেম্বর থেকে কোনো
বিভাগেই গ্রাম-পরীক্ষা নেয়া সম্ভব
হচ্ছে না। একাধিক বিভাগের চূড়ান্ত
পরীক্ষা তিন মফা পিছানোর পরও
পরীক্ষা নিতে পারেনি। ফলে সকল
বিভাগের শিক্ষার্থীরা নিশ্চিত সেশনজটে
পড়তে হচ্ছে বলে মনে করছে

বিষবিদ্যালয় প্রশাসন।

—দুর্ভাগ্যে বিভাগের তৃতীয় বর্ষের
পরীক্ষা গত ২১ নভেম্বর শুরু হয়। উক্ত
পরীক্ষা আগামী বছরের ১৩ জানুয়ারি
শেষ হওয়ার কথা ছিল। ইসলামিক
স্টাডিজ বিভাগের প্রথম বর্ষের চূড়ান্ত
পরীক্ষা গত ১৭ নভেম্বর শুরু হয়ে ৮
ডিসেম্বর শেষ হওয়ার কথা ছিল।
আরো একাধিক বিভাগের পরীক্ষা
স্থগিত হওয়ার অনিচ্ছয়তায় পড়েছেন
বিষবিদ্যালয়ের প্রায় ২৮ হাজার
শিক্ষার্থী। প্রথম বর্ষ অনার্সে ভর্তি
পরীক্ষা গ্রহণে অনিচ্ছয়তায় পড়েছে
বিষবিদ্যালয় প্রশাসন।

পরীক্ষা নিয়ন্ত্রক ড. আনোয়ার
হোসেন বলেন, দেশে যখন কারো
নিরাপত্তা নেই, তখন শিক্ষার্থীদের
জীবনের ঝুঁকিতে পরীক্ষা গ্রহণ সম্ভব
হচ্ছে না। আগামী বছরের জানুয়ারি
জ্যেষ্ঠ নতুন সেশন শুরু করা থাকলেও
এবার তা সম্ভব হবে না।